দৈনিক ইত্তেফাক
তারিখ 03 JUN 1990
পৃষ্ঠা ৩ কলাম ৭

13

# প্রবেশ পত্রের ঘাপলায় ৩৯ জন এসএসসি পরীক্ষা দিতে পারে নাই। ৪৫ জনের ভাগ্য অনিশ্চিত

সদ্য সমাপ্ত এসএসসি পরীক্ষায় প্রবেশপত্রের ঘাপলার শিকার পঞ্চগড়ের ৪৫ জন পরীক্ষার্থী শেষ পর্যন্ত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাইলেও দুশ্চিন্তার মধ্যে দিন কাটাইতেছে। অন্যদিকে কিশোরগঞ্জের ৩৯ জন ছাত্র-ছাত্রী পরীক্ষাদানের সুযোগ হইতে বঞ্চিত হইয়াছে। খবর স্থানীয় সংবাদদাতাদের।

**পঞ্চগড় :** পঞ্চগড় সদর এস,এস,সি পরীক্ষা কেন্দ্রে নিবন্ধন সংখ্যা, সেশন এবং পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরবিহীন প্রবেশপত্র লইয়া কমলাপুর উচ্চ বিদ্যালয়ের ৪৫ জন পরীক্ষার্থী চলতি এস,এস সি পরীক্ষা দিয়াছে. (রোল নাই নম্বর পি-৩৩২ হইতে পি-৩৭৬)। ইহাদের ভবিষ্যৎ সম্পর্কে অভিভাবক মহল উদ্বিগ্ন হইয়া পড়িয়াছেন।

এ ব্যাপারে কমলাপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জাকির হোসেন জানান ১৯৯০ সালের এসএসসি পরীক্ষার জন্য পঞ্চগড় সদর উপজেলার কমলাপুর উচ্চ বিদ্যালয়ের ৪৫ জন পরীর্থীর নামে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃ-

( ৮ম পৃঃ দ্রঃ)

## প্রবেশপত্রের ঘাপলায়

( ৩য় পৃঃ পর )

পক্ষ নিবন্ধন সংখ্যা, সেশন এবং পরীক্ষা নিয়ন্ত্রকের স্বা ..র ছাড়াই পরীক্ষা শুরুর একদিন পূর্বে প্রবেশ পত্র সরবরাহ করে। ফলে পরীক্ষার্থীরা অনিশ্চয়তার মধ্যে পরীক্ষা দেয় ও কেন্দ্র কর্তৃপক্ষকে চরম অসুবিধার মধ্যে পড়িতে হয়। এ ব্যাপারে কেন্দ্র সচিবের সহিত যোগাযোগ করিলে তিনি জানান নিবন্ধন সংখ্যা, সেশন এবং পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরবিহীন প্রবেশপত্র পাইয়া তিনি হতবাক হন। কিন্তু পরীক্ষার্থীদের ভবিষ্যৎ চিন্তা করিয়া তাৎক্ষণিকভাবে বোর্ড কর্তৃপক্ষের সহিত টেলিফোনে যোগাযোগ করা হইলে উপরোক্ত ৪৫ জন পরীক্ষার্থীর বিষয়ে পরে সিদ্ধান্ত নেওয়া হইবে মর্মে নির্দেশের প্রেক্ষিতে তাহাদের পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেওয়া হয়।

**কিশোরগঞ্জ :** হোসেনপুর উপজেলার পুমদি ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের ৩৯ জন ছাত্র-ছাত্রী প্রবেশ পত্র না পাওয়ায় চলতি এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে নাই। ছাত্র-ছাত্রীরা অভিযোগ করে, তাহারা যথাসময়ে পরীক্ষার ফিসহ অন্যান্য ফি প্রধান শিক্ষকের নিকট জমা দিয়াছিল। কিন্তু পরীক্ষা শুরুর কয়েকদিন পূর্বে প্রবেশপত্র আনিবার জন্য ঢাকা যাওয়ার কথা বলিয়া প্রধান শিক্ষক গা ঢাকা দেন। জেলা প্রশাসকের বিশেষ নির্দেশে প্রথম দিনের পরীক্ষায় তাহারা অংশগ্রহণের সুযোগ পাইলেও প্রবেশপত্র সংগ্রহ করিতে না পারায় পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে নাই।